সমতল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
www.dwa.gov.bd

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৮.০২.০০৬.১৬-২৬, ৬৬১

তারিখঃ ০৭/০৮/২০১৭খ্রিঃ

**বিষয়ঃ ভিজিডি কর্মসূচির আওতায় ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেট হতে ২০১৭-২০১৮ ভিজিডি চক্রের জুলাই/২০১৭ হতে জুন /২০১৮ পর্যন্ত ১২ (বার) মাসের খাদ্য বরাদ্দ ও খাদ্যের পরিবহণ ব্যয় বরাদ্দ আদেশ (Allotment Order) জারী প্রসঙ্গে।**
**সূত্রঃ ৩২.০০.০০০০.০৫৭.২০.০০৮.১৬-১০৫ তারিখঃ ২৫/০৭/২০১৭ খ্রিঃ**

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ ভিজিডি চক্রের আওতায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২৫/০৭/২০১৭ খ্রিঃ তারিখের স্মারক নং-৩২.০০.০০০০.০৫৭.২০.০০৮.১৬-১০৫ মোতাবেক জুলাই/২০১৭ হতে জুন/২০১৮ পর্যন্ত ১২ (বার) মাসের খাদ্য বরাদ্দ ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটের কোড নং-৫৯৪৩ হতে মোট- ৩,৬০,০০০ (তিন লক্ষ ষাট হাজার) মেঃটন খাদ্য (চাল/আতপ চাল) তন্মধ্যে (ক) ৬১টি জেলায় বিতরণের জন্য ৩,৪৪,৫৯৫.৬ মেঃটন খাদ্য (চাল) (খ) ৩টি পার্বত্য জেলায় বিতরণের জন্য ১৫,৪০৪.৪ মেঃটন আতপ চাল এবং উক্ত সকল প্রকার খাদ্যের পরিবহণ ব্যয় বাবদ ১০,৮০,০০০০০/- (দশ কোটি আশি লক্ষ) টাকা বরাদ্দের সরকারী মঞ্জুরী আদেশের প্রেক্ষিতে জুলাই/২০১৭ হতে জুন/২০১৮ পর্যন্ত ১২ (বারো) মাসের জন্য সংশ্লিষ্ট জেলাধীন উপজেলার জন্য নিম্নবর্ণিত ছক' ও শর্তাবলী মোতাবেক ভিজিডি খাদ্য ও পরিবহণ ব্যয়ের বরাদ্দ আদেশ (Allotment Order) জারী করা হলো।

| জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়ন সংখ্যা | উপজেলায় কার্ড সংখ্যা | ৩০ কেজি হারে ১২ (বার) মাসের (জুলাই/১৭ - জুন/১৮) খাদ্য (মেঃ টন হিসাবে) | জুলাই/১৭ - জুন/১৮ পর্যন্ত ১২ (বার) মাসের পরিবহণ ব্যয় |
|---|---|---|---|---|---|
| চাঁদপুর | সদর | ১৪ | ১,৬২৮ | ৫৮৬.০৮ | ১৭৫৮২৪.০০ |
| চাঁদপুর | মতলব | ৬ | ১,৭৬৯ | ৬৩৬.৮৪ | ১৯১০৫২.০০ |
| চাঁদপুর | ফরিদগঞ্জ | ১৫ | ১,৭৯০ | ৬৪৪.৪০ | ১৯৩৩২০.০০ |
| চাঁদপুর | হাইমচর | ৬ | ১,৭২৯ | ৬২২.৪৪ | ১৮৬৭৩২.০০ |
| চাঁদপুর | হাজীগঞ্জ | ১২ | ১,৭০১ | ৬১২.৩৬ | ১৮৩৭০৮.০০ |
| চাঁদপুর | কচুয়া | ১২ | ১,৮৩০ | ৬৫৮.৮০ | ১৯৭৬৪০.০০ |
| চাঁদপুর | শাহারাস্তি | ১০ | ১,৬০১ | ৫৭৬.৩৬ | ১৭২৯০৮.০০ |
| চাঁদপুর | উত্তর মতলব | ১৪ | ১,৬৭৩ | ৬০২.২৮ | ১৮০৬৮৪.০০ |

**অনুসরনীয় নিয়মাবলীঃ**

১। এ মঞ্জুরী আদেশের মেয়াদকাল হবে ২০১৭-২০১৮ অর্থবছরের জুন/২০১৮ পর্যন্ত।
২। এই কর্মসূচির আওতায় ৬১টি জেলার প্রত্যেক ভিজিডি মহিলা প্রতি মাসে ৩০ কেজি চাল পাবেন।
৩। ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কোড নং- ৩-৩০০১-০০০৫-৫৯৪৩ হতে খাদ্য (চাল) বরাদ্দকরণ এবং কোড নং- ৩-৩০০১-০০০৫-৪৮৪৬ হতে পরিবহণ ব্যয় নির্বাহ করতে হবে।
৪। উপকারভোগী মহিলাদের মাঝে খাদ্য বিতরণের লক্ষ্যে সর্বক্ষেত্রে সঠিক পরিমাণে বিতরণ নিশ্চিত করতে হবে।
৪। প্রত্যেক মাসের জন্য বরাদ্দকৃত চাল উক্ত মাসের মধ্যে উত্তোলন ও বিতরণ করতে হবে। বরাদ্দকৃত চাল ও পরিবহণ ব্যয়ের যথাযথ হিসাব ভবিষ্যৎ নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে।
৫। অত্র মঞ্জুরী আদেশ জারী করতে বিলম্ব হওয়ায় বিশেষ বিবেচনায় শুধুমাত্র জুলাই/২০১৭ মাসের চাল/আতপ চাল আগষ্ট/২০১৭ মাসের মধ্যে উত্তোলন ও বিতরণ সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে, জুলাই/২০১৭ ও আগষ্ট/২০১৭ মাসের খাদ্য একত্রে বিতরণ করা যাবেনা।
৬। বরাদ্দকৃত চালের পরিবহণ ব্যয় মাসিক ভিত্তিতে আলাদা চেকের মাধ্যমে প্রদান নিশ্চিত করতে হবে।
৭। আগামী ১৫'জুলাই/২০১৮-এর মধ্যে প্রকৃত চাল বরাদ্দ ও প্রকৃত পরিবহন ব্যয়ের হিসাব (২০১৭-২০১৮ অর্থবছরের) জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার প্রত্যয়ণসহ সদর কার্যালয়, ভিজিডি শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।
৮। সমতল এলাকায় দূরত্বের বিবরণ অনুযায়ী প্রতি মেঃটন চালের জন্য ০১-১০ কিঃ মিঃ পর্যন্ত ২৩০/- টাকা, ১১-২০ কিঃ মিঃ পর্যন্ত ২৮০/- টাকা এবং ২১ কিঃ মিঃ ও তদুর্ধ্ব ৩০০/- টাকা হারে পরিবহণ ব্যয় হিসাবে নির্বাহ করতে হবে।
৯। যে সকল উপজেলায় রাইস ফর্টিফিকেশন কার্যক্রম চালু রয়েছে সে সকল উপজেলায় সংশ্লিষ্ট মিলারের অনুকূলে খাদ্য ও খাদ্য পরিবহন ব্যয়ের ডিও জারী করতে হবে।

(এ.কে.এম. মজিনুর রহমান)
পরিচালক (যুগ্মসচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
ফোন-৯৩৩৬০৬৩

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলাঃ ....., জেলাঃ ..... ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা ।
০৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
০৫। বিভাগীয় খাদ্য নিয়ন্ত্রক, .....।
০৬। জেলা প্রশাসক, জেলাঃ .....।
০৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলাঃ .....।
০৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলাঃ .....।
০৯। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জেলাঃ .....।
১০। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, উপজেলাঃ ....., জেলাঃ ..... ।
১১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ....., জেলাঃ .....।
১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ....., জেলাঃ .....।